**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 13-04.2026** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Edit & Compile : Sudip B.**
**DEO : KB** **NRT : Sudip Basu**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য মনোনয়ন প্রত্যাহারের আজই শেষ দিন। **#** প্রস্তুতি খতিয়ে দেখতে আজ রাজ্যে আসছেন, সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী ও পবন কুমার শর্মা।

২/ রাজ্যের SIR প্রক্রিয়া নিয়ে আজ সুপ্রিম কোর্টে ফের শুনানি হওয়ার কথা।

৩/ বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে, গতি বেড়েছে বিভিন্ন দলের প্রচারে। **#** বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ রাজ্যে একাধিক জনসভা করবেন। **#** বেশ কয়েকটি জনসভা ও রোড শো করার কথা, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৪/ মালদার মোথাবাড়িতে জুডিশিয়াল অফিসারদের আটকে রেখে হেনস্থার ঘটনায় NIA, এক ISF নেতাকে গ্রেপ্তার করেছে। **#** আটক করা হয়েছে সংশ্লিষ্ট কেন্দ্রের কংগ্রেস প্রার্থী সহ বেশ কয়েকজনকে।

৫/ ISL ফুটবলে যুবভারতীতে মোহনবাগান সুপার জায়ান্ট তিন/ দুই গোলে পাঞ্জাব FCকে হারিয়ে দিয়েছে। **#** ইন্টার কাশির কাছে পরাজিত হয়েছে মোহামেডান স্পোর্টিং।

*******************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য মনোনয়ন প্রত্যাহারের আজই শেষ দিন। এই দফায় আগামী ২৯শে এপ্রিল সাতটি জেলার ১৪২ টি বিধানসভা আসনে ভোট গ্রহণ। গত ৯'ই এপ্রিল মনোনয়ন জমা দেওয়ার কাজ শেষ হয়। সেগুলি পরীক্ষা করে দেখার পর গৃহীত হয়েছে এক হাজার ৪৬৩ জন প্রার্থীর মনোনয়ন। দ্বিতীয় দফায় মোট ৬২ টি মনোনয়ন বাতিল হয়েছে। ভোটের ফলাফল ঘোষিত হবে, আগামী চৌঠা মে।

**********************

রাজ্যের সাধারণ মানুষ, ভয়মুক্ত বিধানসভা নির্বাচন চাইছেন বলে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল মন্তব্য করেছেন। নদীয়ার কৃষ্ণনগরে গতকাল এক সাংবাদিক সম্মেলনে শ্রী আগরওয়াল বলেন, ভয়, বাধামুক্ত নির্বাচন নিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রয়োজনীয় সবরকম ব্যবস্থা নিচ্ছে।

সুপ্রিম কোর্টের নির্দেশেই অ্যাডজুডিকেশন প্রক্রিয়া চলছে বলে তিনি জানান।

( বাইট- মনোজ আগরওয়াল )

গতকাল রবীন্দ্র ভবনে একাধিক সভায় তিনি যোগ দেন। আই জি, ডি আই জি সহ প্রশাসনের শীর্ষ কর্তাব্যক্তিরা সেখানে উপস্থিত ছিলেন।

**********************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে দুই সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং পবন কুমার শর্মা আজ রাজ্যে আসছেন। তিনদিনের এই সফরে, তাঁরা দুই বর্ধমান, হুগলী এবং উত্তর ২৪ পরগনার জেলা নির্বাচনী অধিকারিক, পুলিশ কমিশনার, জেলা পুলিশ সুপার এবং সংশ্লিষ্ট জেলার পর্যবেক্ষকদের সঙ্গে বৈঠক করবেন। কথা বলবেন মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কর্তাদের সঙ্গেও।

সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার পবন কুমার শর্মা বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা আধিকারিক ও মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের শীর্ষ অধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।

**********************

রাজ্যে বিধানসভা নির্বাচনের আগে SIR প্রক্রিয়া নিয়ে আজ সুপ্রিম কোর্টে ফের শুনানি হবার কথা। দেশের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে হবে এই মামলার শুনানি। ইতিমধ্যেই দু'দফার ভোটগ্রহনের জন্য ভোটার তালিকা 'ফ্রিজ়' হয়েছে শীর্ষ আদালতের তত্ত্বাবধানে এডজুডিকেশন এর পর বাদ গিয়েছে ২৭ লক্ষের বেশি নাম। ট্রাইবুনালের রায়ে তাঁরা আবার বৈধ ভোটার হিসাবে স্বীকৃতি পেলে এবারের নির্বাচনে ভোট দিতে পারবেন কিনা তা নিয়ে আজ সিদ্ধান্ত জানাতে পারে সুপ্রিম কোর্ট। ট্রাইবুনালের কাজও শুরু হয়ে যাচ্ছে আজ থেকেই। গত শুক্রবার শীর্ষ আদালতে একটি নতুন আবেদনে সুপ্রিমকোর্ট নির্দেশিত SIR ট্রাইব্যুনালে যে সব নামের নিস্পত্তি হয়ে যাবে, তাদের ভোটাধিকার দেওয়ার পাশাপাশি সমস্ত ম্যাপড ভোটারের ভোটদান করতে দেওয়ার আর্জি জানানো হয়েছে। রাজ্যের আইনজীবীরাও আজ একই আবেদন জানাবেন বলে সূত্রের খবর।

গত শুনানিতে সুপ্রিম কোর্ট জানিয়েছিল, এই ধরনের ভোটারদের ভোটাধিকার চিরতরে হারিয়ে যাবে না। তবে এই নির্বাচনে তাঁরা ভোট দিতে পারবেন কি না, তা আদালত বিবেচনা করবে বলেও জানিয়েছিল দেশের প্রধান বিচারপতির বেঞ্চ।

পাশাপাশি মালদায় SIR এডজুডিকেশনের কাজে নিযুক্ত বিচারকদের ঘেরাও করার ঘটনায় শীর্ষ আদালত যে NIA তদন্তের নির্দেশ দিয়েছিল, সেই সংক্রান্ত মামলারও শুনানি রয়েছে আজ।

এদিকে আদালত সূত্রে খবর, গতকাল প্রাক্তন বিচারপতিরা কলকাতার জোকায় শ্যামপ্রসাদ মুখোপাধ্যায় ইনস্টিটিউট পরিদর্শনে গিয়েছিলেন। সেখানেই বসবে ট্রাইবুনাল। ১৯টির মধ্যে বেশির ভাগ বেঞ্চই বসছে আজ।

**********************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে, গতি বেড়েছে বিভিন্ন দলের প্রচারে। তারকা প্রার্থীরা রাজ্যের বিভিন্ন প্রান্তে জনসভা, রোড শো-তে অংশ নিচ্ছেন। বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, আজ রাজ্যে একাধিক জনসভা

করবেন। বীরভূমের বোলপুর, খয়রাশোল, পশ্চিম বর্ধমানের খান্দরা-তে জনসভায় ভাষণ দেওয়ার পাশাপাশি একটি রোড শো'ও করবেন তিনি।

গতকাল বর্ষীয়ান বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিলিগুড়ির কাওয়াখালিতে এক জনসভায় বলেন, দেশের নিরাপত্তার জন্য শিলিগুড়ি করিডোর অত্যন্ত গুরুত্বপূর্ণ। অথচ, তৃণমূল কংগ্রেস সরকারের প্রশ্রয়ে কিছু মানুষ এই করিডরকে বাকি দেশ থেকে বিচ্ছিন্ন করে দিতে চাইছে।

(বাইট – প্রধানমন্ত্রী )

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ গতকাল রাজ্যে একাধিক জনসভায় তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে তোষণের রাজনীতির অভিযোগ তোলেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ একাধিক জনসভায় অংশ নেবেন। বীরভূমের সিউড়ি, পূর্ব বর্ধমানের গলসী এবং পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে তাঁর জনসভায় ভাষণ দেওয়ার কথা। পাশাপাশি, বাঁকুড়া শহরে একটি পদযাত্রাতেও অংশ নেবেন মুখ্যমন্ত্রী। গতকাল পশ্চিম বর্ধমানের আসানসোলে এক সভায় মুখ্যমন্ত্রী বিজেপির 'সোনার বাংলা' গরার প্রতিশ্রুতিকে তীব্র কটাক্ষ করেন।

( বাইট- মমতা )

অন্যতম শীর্ষ কংগ্রেস নেতা, রাহুল গান্ধী আগামীকাল এরাজ্যে নির্বাচনী প্রচারে আসছেন। তিনি উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে নির্বাচনী সভা করবেন।

CPIM প্রার্থীরাও, জনসভা এবং বাড়ি বাড়ি প্রচারে অংশ নিচ্ছেন। আসানসোল দক্ষিণ বিধানসভায় দলীয় প্রার্থীদের সমর্থনে, গতকাল প্রচারে অংশ নেন CPIM –এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

************************

মালদার মোথাবাড়িতে জুডিশিয়াল অফিসারদের আটকে রেখে হেনস্থার অভিযোগে জাতীয় তদন্ত সংস্থা NIA মোথাবাড়ি গ্রাম পঞ্চায়েতের

আইএসএফ এর পঞ্চায়েত সদস্য গোলাম রাব্বানীকে গ্রেফতার করেছে। গতকাল রব্বানিকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়। সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী সায়েম চৌধুরী, ছাত্র পরিষদের কালিয়াচক ২ নম্বর ব্লক সভাপতি আসিফ সেখ সহ মোট তিনজনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে এনআইএ কর্তারা। আগেই পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছিল আইএসএফ প্রার্থী শাহজাহান আলি কাদেরি, আইনজীবী মোফাকেরুল ইসলাম সহ প্রায় ৫০ জন।

************************

কোচবিহারের মাথাভাঙায়, নির্বাচনী প্রচারকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে বচসার জেরে গতকাল ব্যাপক উত্তেজনা ছড়ায়। তৃণমূল কংগ্রেস-এর পাঁচ নম্বর ওয়ার্ডের কাউন্সিলারকে মারধোরের অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। প্রতিবাদে মাথাভাঙা থানায় বিক্ষোভ দেখায় শাসক দলের কর্মীরা।

জানা গেছে, এর আগে, শীতলকুচির বিজেপি প্রার্থী সাবিত্রী বর্মণের গাড়ির ওপর তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা চড়াও হয়। ভেঙ্গে ফেলা হয় গাড়ির কাঁচ। তাঁর সঙ্গে থাকা অন্য একটি গাড়িতেও চালানো হয় হামলা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে লাঠিচার্জ করতে হয়।

************************

কসবায় সোনা পাপ্পু ওরফে বিশ্বজিত পোদ্দার এর বিরুদ্ধে তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি, হাওড়ার জয়েন্ট সিপি ক্রাইম গৌরব লালকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে। আজ তাঁকে সিজিও কমপ্লেক্সে জিজ্ঞাসাবাদ করা হবে। ইডি কয়েকদিন আগে সোনা পাপ্পুর বাড়িতে তল্লাশী চালিয়ে একটি আগ্নেয়াস্ত্র ও গুরুত্বপূর্ণ নথি উদ্ধার করে।

************************

দক্ষিণবঙ্গে আগামী তিন চার দিন, দিনের তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা আরো কিছুটা বাড়তে পারে বলে আকাশবাণীকে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায়।

( বাইট- সৌরিশ )

**আগামীকাল** ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও মুর্শিদাবাদ জেলায় স্থানীয়ভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৭'ডিগ্রি সেলসিয়াস- যা স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি বেশী। সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

***********************

যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট গতকাল ৩-২ গোলে পাঞ্জাব এফসি-কে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের হয়ে গোল করেন ম্যাকলারেন, সামাদ ও কামিংস।

অন্য ম্যাচে লক্ষনৌ-তে মহমেডান স্পোর্টিং, ইন্টার কাশির কাছে পরাজিত হয়েছে। খেলার ফলাফল এক / শূণ্য ।

*****************************************************************